দৈনিক বাংলা

তারিখ 06 AUG 1993
পৃষ্ঠা ৮ কলাম ১

৩৩

## বিভিন্ন ভার্সিটিতে সন্ত্রাস ঃ শিক্ষক সমিতির ক্ষোভ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ডঃ খ মুস্তাফিজুর রহমান ও মহাসচিব ডঃ আবদুর রহিম এক বিবৃতিতে সম্প্রতি দেশের ক্যাম্পাসে সন্ত্রাসী কার্যকলাপ আশংকাজনকভাবে বৃদ্ধি পাওয়াতে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, ছাত্রনামধারী সন্ত্রাসীদের হাতে বিশ্ববিদ্যালয়সমূহের সম্মানিত শিক্ষকগণ লাঞ্ছিত ও অপদস্থ হওয়ায় দেশের শিক্ষা ব্যবস্থার ভিত্তির উপর আঘাত এসেছে যা জাতির জন্য মারাত্মক পরিণতি বয়ে আনতে পারে।

বিবৃতিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সন্ত্রাসের নিন্দা করে এর সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবী জানানো।

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস উচ্ছেদে সরকার ও বিরোধী দলের সিদ্ধান্ত প্রয়োজন

—ডঃ কামাল হোসেন

*॥ স্টাফ রিপোর্টার ॥*

গণতান্ত্রিক ফোরামের আহবায়ক ডঃ কামাল হোসেন সকল বিশ্ববিদ্যালয় ও শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস উচ্ছেদ করার লক্ষ্যে সংসদে সরকার ও বিরোধী দলের সর্বসম্মত সিদ্ধান্ত ও কর্মসূচী গ্রহণের উপর গুরুত্বারোপ করেছেন। গতকাল ফোরাম কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বক্তব্য রাখছিলেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ব্যারিস্টার আমির-উল ইসলাম, শাহজাহান সিরাজ এমপি প্রমুখ।

ডঃ কামাল আগামী ১১ অক্টোবরের মধ্যে সকল বিশ্ববিদ্যালয় ও শিক্ষাঙ্গনে অস্ত্র মুক্তির দাবী জানান। এবং বলেন, এই লক্ষ্যে জনমত গঠন করা ও ফোরামের পক্ষ থেকে স্বাক্ষর সংগ্রহ অভিযান পরিচালনা করা হবে। তিনি বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গত বৃহস্পতিবার যা ঘটেছে তার নিন্দার ভাষা আমার জানা নেই। '৯১-৯২ সালে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ১২ জন প্রতিভাবান ছাত্র সন্ত্রাসের শিকার হয়েছে। মাত্র দুই সপ্তাহ আগে কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের কারণে সাধারণ ছাত্র-ছাত্রীদের হল ত্যাগ করতে হয়েছে। ধর্মভিত্তিক সন্ত্রাসীদের হাত থেকে সরকার সমর্থক ছাত্ররাও রেহাই

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

### ডঃ কামাল হোসেন

প্রথম পৃষ্ঠার পর

পাচ্ছে না।

ডঃ কামাল বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের কারণ নিরূপণ করে আগামী প্রজন্মকে রক্ষা করার সময় এসেছে। তিনি বলেন, সংসদে সন্ত্রাস বন্ধের জন্য আড়াই বছর আগে একটি কমিটি হলেও আজ পর্যন্ত সেই কমিটি কোন সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করতে পারেনি। গত দেড় বছরে কমিটির কোন বৈঠক হয়নি। তিনি বলেন, সংসদে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে দলমত নির্বিশেষে সন্ত্রাসী গ্রেফতারের নির্দেশ দিতে হবে।

এক প্রশ্নের জবাবে এম এ মোহিত বলেন, আন্তরিকতার অভাব ও দলীয় রাজনীতি সন্ত্রাসের কারণ।